যুক্তরাষ্ট্র থেকে দেশে ফিরলেন সাকিব

মা শিরিন রেজাকে নিয়ে যুক্তরাষ্ট্র থেকে দেশে ফিরেছেন সাকিব আল হাসান। আসন্ন ওয়েস্ট ইন্ডিজ সিরিজকে সামনে রেখে কাতার এয়ারওয়েজের একটি ফ্লাইটে সকালে ঢাকায় পা রাখেন সাকিব।

অসুস্থ শ্বশুরকে দেখতে মার্কিন যুক্তরাষ্ট্র উড়ে গিয়েছিলেন সাকিব। তাই খেলতে পারেননি বঙ্গবন্ধু টি-২০ কাপের ফাইনালসহ দুটি ম্যাচ। কিন্তু শ্বশুরকে দেখতে পাননি। বিমানে থাকাকালীনই মৃত্যুর খবর পান। পরিবারের সঙ্গে প্রায় তিন সপ্তাহ কাটিয়ে আজ সকালে ঢাকায় ফিরলেন বিশ্বসেরা এই অলরাউন্ডার।

দুই টেস্ট ও তিন ওয়ানডে ম্যাচ সিরিজ খেলতে ক্যারিবীয়রা ১০ জানুয়ারি ঢাকায় পা রাখবে। বাংলাদেশ ক্রিকেট দলে অনুশীলনও শুরু হবে সেদিন।

উচ্চস্বরে সাউন্ড সিস্টেম বাজানোর অপরাধে জরিমানা

নিষেধাজ্ঞা অমান্য করে উচ্চস্বরে সাউন্ড সিস্টেম বাজানোর অপরাধে কুষ্টিয়ার ভেড়ামারায় মোঃ শরীফুল ইসলাম নামে একজনকে ২০ হাজার টাকা জরিমানা করেছে ভ্রাম্যমাণ আদালত।

গতকাল শনিবার রাতে উপজেলার ক্ষেমিড়দিয়ারে ভাটাপাড়া এলাকায় এ অভিযান চালানো হয়। আদালত পরিচালনা করেন ভেড়ামারা উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) সোহেল মারুফ।

দণ্ডপ্রাপ্ত মোঃ শরীফুল ইসলাম ভেড়ামারা উপজেলার ক্ষেমিড়দিয়ারে ভাটাপাড়া এলাকার জামাত আলীর ছেলে।

ইউএনও সোহেল মারুফ জানান, ক্ষেমিড়দিয়ারে ভাটাপাড়া এলাকায় বাসার

লাইন থেকে বিদ্যুৎ দিয়ে উচ্চস্বরে সাউন্ড সিস্টেম বাজানোর অপরাধে মোঃ শরীফুল ইসলামকে ২০ হাজার টাকা অর্থদণ্ড অনাদায়ে সাত দিনের বিনাশ্রম কারাদণ্ড দেওয়া হয়।

এমন অভিযান চলমান থাকবে বলেও জানান তিনি।

দর্শনায় নতুন বই পেয়ে খুশি ছাত্র-ছাত্রীরা

চুয়াডাঙ্গা জেলার দর্শনায় নতুন বই পেয়ে ছাত্র-ছাত্রীরা খুশি। তবে আগামী দিন ছেলে মেয়েদের লেখা পড়া কেমন হবে তা নিয়ে ভাবছেন অভিভাবকরা।

এ দিকে বছরে শুরুতেই বই দেওয়ার কথা থাকলেও কোন কোন বিদ্যালয়ে শুক্রবার বই বিতরণ করেননি। তবে বেশ কিছু বিদ্যালয় ঘুরে দেখা যায়, ছাত্র-ছাত্রীরা স্বতর্স্ফূত ভাবে বছরের প্রথম দিনেই বই সংগ্রহ করছে।

গতকাল শনিবার দর্শনা আইডিয়াল স্কুলে ষষ্ঠ শ্রেণী থেকে নবম শ্রেণী পর্যন্ত বই বিতরণ করা হলেও সকল ছাত্র-ছাত্রী পূণার্ঙ্গ বই পাইনি। ফলে অনেক ছাত্র-ছাত্রী মন খারাপ করে চলে যায়। দর্শনা আইডিয়াল স্কুলের সভাপতি উত্তম কুমার দেবনাথের সভাপত্তিতে অভিভাবকদের উপস্থিতিতে বই বিতরণ করা হয়।

এসময় অভিভাবক ইকবাল হোসেন বলেন, কোভিড-১৯ এর ছাত্র-ছাত্রীদের যে গ্যাপটা হয়েছে তা কিভাবে পূরণ করা যায় সে বিষয় শিক্ষদের পরামর্শ দেন।

এছাড়া স্কুলের পরিচালক ইন্টারনেটে ক্লাস করা বা দূরুত্ব বজায় রেখে ক্লাস করা যায় কিনা ভেবে দেখার কথা বলেন। এছাড়া উপস্থিত ছিলেন, দর্শনা প্রেস ক্লাবের সাধারণ সম্পাদক আওয়াল হোসেনসহ অন্যান্য অভিভাবক বৃন্দ।

দর্শনায় ভালোবাসার বন্ধনের উদ্যোগে মানবতার দেওয়ালে

চুয়াডাঙ্গা জেলার দর্শনা চটকাতলায় ভালোবাসার বন্ধনের উদ্যোগে মানবতার দেওয়ালে চাউল, আটাসহ নিত্য প্রয়োজনীয় জিনিসপত্র পাওয়া যাচ্ছে প্রতিদিন।

গতকাল বিকাল ৩টায় থেকে এ মানবতার দেওয়ালে চাউল, আটাসহ নিত্য প্রয়োজনীয় খাদ্যদ্রব্য পাওয়া যাচ্ছে।

দর্শনার ভালোবাসার বন্ধন ও সাধারণ মানুষসহ যে কোন বৃত্তশালী ব্যক্তি এ মানবতার দেওয়ালের আলমারিতে ৫০টাকা বা ১০০শত টাকার এককেজি বা দুইকেজি চাউল বা আটা এলাকার দরিদ্র মানুষের জন্য দিতে পারেন।

গতকাল শনিবার বেশ কিছু মানুষ মানবতার দেওয়ালে চাউল, আটা, আলু, ডিম, কাপড় কাঁচা পাউডার, চীপস, ডাউল ও পোষাকসহ নানা ধরনের নিত্য প্রয়োজনীয় জিনিসপত্র রেখে দেওয়া হলে এলাকার দরিদ্র মানুষ সেগুলো নিয়ে যাচ্ছে এবং তাদের ক্ষুধা নিবারণ করছে।

আমঝুপিতে মডেল আসিফ আজিমের আনন্দ র্যালী

প্রধানমন্ত্রী শেখ হাসিনা মুজিববর্ষের উপহারস্বরূপ মুজিবনগর বিশ্ববিদ্যালয় অনুমোদন দেওয়ায় আমঝুপি ইউনিয়নের চেয়ারম্যান পদপ্রার্থী আসিফ আজিমের নেতৃত্বে আনন্দ র্যালী অনুষ্ঠিত হয়েছে।

গতকাল শনিবার বিকালে মোটর সাইকেল, আলগামন, অটোযোগে আমঝুপি ইউনিয়নের নানা পেশার মানুষ দলে দলে এই র্যালীতে অংশগ্রহণ করেন।

র্যালী শেষে আমঝুপির বিভিন্ন গ্রামে গণসংযোগ করেন আসিফ আজিমসহ তার সমর্থকরা।

এ সময় উপস্থিত ছিলেন আমঝুপি ৭নং ওয়ার্ড ইউপি সদস্য আলফাজ হোসেন, আওয়ামী লীগ নেতা সাদ আহম্মেদ, মারফত আলী, আব্দুর রশীদ, আব্দুল খলিল, আবু সাইম, আলী হোসেন, শলিম, শফি, মিন্টু, নাশির, আক্কাস, আবু সাইদ সহ গ্রাম বাসীরা।

জীবননগরে ফ্রি মেডিক্যাল ক্যাম্প ও ঔষধ বিতরণ

জীবননগরে শিকড় সমাজ কল্যাণ সংস্থার আয়োজনে ফ্রি মেডিক্যাল ক্যাম্পেইন এর উদ্বোধন করা হয়েছে। গতকাল শনিবার সকাল ৯ টায় ক্রিসেন্ট ক্লিনিক এ্যান্ড ডায়াগনস্টিক সেন্টারের সহযোগিতায় ও জামাল হোসেন খোকনের অর্থায়নে এ ফ্রি মেডিক্যাল ক্যাম্প অনুষ্ঠিত হয়।

জীবননগর পৌরসভার সাবেক কমিশনার হাজী ওহাব মিয়ার সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে ফ্রি মেডিক্যাল ক্যাম্পের উদ্বোধন করেন মাই টিভির সিনিয়র রিপোর্টার এস কে লিটন।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জীবননগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের আরএমও ডাঃ মাহমুদ বিন হেদায়েত সেতু। শিকড় সমাজ কল্যাণ সংস্থার চুয়াডাঙ্গা জেলা কমিটির সাধারণ সম্পাদক মিঠুন মাহমুদের পরিচালনায় অনুষ্ঠানে উপস্থিত ছিলেন জীবননগর সাংবাদিক সমিতির সাধারণ সম্পাদক জামাল হোসেন খোকন,

শিকড় সমাজ কল্যাণ সংস্থার চুয়াডাঙ্গা জেলা কমিটির সহ-সভাপতি চাষী রমজান, সাংবাদিক মাজেদুল মিল্টন, সাগর খান, লিটন খান, শিকড় সমাজ কল্যাণ জীবননগর উপজেলা শাখার সভাপতি তুহিনুজ্জামান, সাধারণ সম্পাদক লাবনী, সদস্য মফিজুল ইসলাম, হোসাইন আহম্মেদ,ঐশ্বর্য সাহা, সাদিয়া, তনু, রিয়াজ, রমজান, কলম, কুদ্দুস, ছমির, তানিম, সাফা, ফাহিম, সিফাত, আঃ রহমান সহ শিকড় সমাজ কল্যাণ সংস্থার সকল

সদস্য।

এ সময় জীবননগর পৌরসভার ৫নং ওর্য়াডের লক্ষীপুর খা পাড়ায় ২০০ জন অসহায় হতদরিদ্র মানুষকে বিনামূল্যে চিকিৎসা প্রদান ও ঔষধ বিতরণ করা হয়।

কুষ্টিয়ায় জাতীয় সমাজসেবা দিবস পালিত

ক্ষুধা ও দারিদ্র মুক্ত সমাজ বিনির্মাণে, সেবা ও সুযোগ প্রান্তজনে প্রতিপাদ্যকে সামনে রেখে কুষ্টিয়ায় জাতীয় সমাজসেবা দিবস পালিত হয়েছে।

দিবসটি উপলক্ষ্যে গতকাল শনিবার সকালে জেলা সমাজসেবা অধিদপ্তরের কার্যালয়ের সামনে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। সভায় প্রধান অতিথির বক্তব্য রাখেন কুষ্টিয়ার জেলা প্রশাসক মোঃ আসলাম হোসেন।

এ সময় তিনি বলেন, জাতির পিতার দেখানো পথ অনুসরণ করে বর্তমান সরকার দেশের দরিদ্র ও পিছিয়ে পড়া মানুষের কল্যাণে কাজ করে যাচ্ছে।

সমাজসেবা অধিদপ্তরের কর্মকর্তারা তৃণমূল পর্যন্ত জড়িত রয়েছে উল্লেখ করে তিনি আরও বলেন,‘বাংলাদেশের উন্নতি তখনই হবে যখন সর্বস্তরের মানুষ নিজের পায়ে দাঁড়াতে পারবে। সেই লক্ষ্যে কাজ করে যাচ্ছে সরকার।’

জেলা সমাজসেবা অধিদপ্তরের উপ-পরিচালক রোখসানা পারভিনের সভাপতিত্বে এ সময় অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন জেলা প্রশাসকের কার্যালয়ের সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট আহমেদ সাদাত, জেলা সমাজসেবা অধিদপ্তরের সহকারী পরিচালক মোঃ মুরাদ হোসেন, শহর সমাজসেবা অফিসার জহিরুল ইসলাম, সদর উপজেলা সমাজসেবা অফিসার আবু রায়হান প্রমুখ।

অনুষ্ঠান শেষে ১৫ জন ক্যান্সার ও দুরারোগ্য ব্যাধিতে আক্রান্ত

রোগীর মাঝে প্রত্যেককে ৫০ হাজার টাকার চেক, ৫ জন প্রতিবন্ধীকে হুইলচেয়ার, ব্রেইল শিক্ষার্থীদের মাঝে বই বিতরণ, হাসপাতাল সমাজসেবার অধিনে রোগীর ঔষধপথ্য ও অস্বচ্ছল জনগণ ও প্রতিবন্ধীদের মধ্যে সুদমুক্ত ক্ষুদ্র ঋণ, বয়ষ্ক এবং বিধবা ভাতার কার্ডসহ প্রতিবন্ধীদের বিভিন্ন সহায়তা বিতরণ করা হয়।

বিতরণ শেষে কুষ্টিয়া সরকারি শিশু পরিবার (বালিকা)’র শিক্ষার্থীদের অংশগ্রহণে সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

দর্শনার শফিকুল হত্যা মামলায় ৪ আসামি গ্রেফতার

চুয়াডাঙ্গা জেলার দর্শনার বড়বলদিয়ায় শফিকুল হত্যা মামলার ৪ জন আসামিকে গ্রেফতার করেছে দর্শনা থানা পুলিশ। গত ১/১/২০২১ তারিখে সন্ধ্যায় দর্শনা থানাধীন বড়বলদিয়া গ্রামে জমিজমা সংক্রান্ত বিরোধে প্রতিপক্ষের আঘাতে শফিকুল ইসলাম (৪০) নিহত হয়।

ঘটনা সূত্রে জানা গেছে, দামুড়হুদা উপজেলার পারকৃষ্ণপুর-মদনা ইউনিয়নের বড়বলদিয়া গ্রামের মৃত শুকুর আলীর ৪ ছেলে বিল্লাল, বিশারত, জালাল, শফিকুল যৌথ ভাবে একই গ্রামের বগার কাছ থেকে ৬ কাঠা জমি ক্রয় করে। কিন্তু সেই জমি ছিলো নিহত শফিকুলের চাচা কালামের দখলে।

তবে এই জমি একাধিকবার দখল চেয়ে তার সুরাহা না হলেও গতকাল তা সমাধানের একপর্যায়ে চলে এসেছিলো। আগামী চৈত্র মাসেই জমির দখল দিতে রাজি হয় কালাম। এদিকে শফিকুল ও তার বড় ভাই বিল্লাল এই প্রস্তাবে রাজি হয়ে বাড়িতে চলেও যাচ্ছিলো।

কিন্তু কালামের স্ত্রী মেগি বেগমসহ তার মেয়ে তাজেরা, শাহানাজ ও সুলতানের মেয়ে তানিয়া হঠাৎ চেঁচিয়ে উঠে অকথ্য ভাষায় গালিগালাজ করতে থাকে।

এ নিয়ে দু’পক্ষের মধ্যে বাকবিতণ্ডার সৃষ্টি হয়। তারই এক পর্যায়ে

মৃত আমির হোসেনের ছেলে কালাম (৫৮) ও তার জামাই সুলতান পিতা- সাত্তার আলী পাশে পড়ে থাকা বাঁশ ও কাঠ দিয়ে আঘাত করে শফিকুল ও তার বড় ভাই বিল্লাল (৪৮) কে। এই আঘাতে বিল্লাল আহত হলেও গুরুতর ভাবে রক্তাক্ত জখম হয়ে মাটিতে পড়ে যায় শফিকুল। তাৎক্ষণিকভাবে স্থানীরা তাকে হাসপাতালে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত বলে ঘোষণা করেন।

এ বিষয়ে নিহত’র বড় ভাই বাদি হয়ে গত ১/১/২০২১ শুক্রবার রাতেই তার চাচা কালাম ও কালামের জামাই সুলতানসহ ৭ জনকে আসামি করে দর্শনা থানায় একটি হত্যা মামলা দায়ের করেছিল।

এ ঘটনায় দর্শনা থানার অফিসার ইনচার্জ মাহাবুবুর রহমান কাজল দ্রুত পদক্ষেপ নেওয়ার কারণে ঘটনার পরের দিন ৪ জন আসামিকে গ্রেফতার করতে সক্ষম হয়।

গ্রেফতার কৃত আসামিরা হলেন ১। মোঃ আবুল কালাম (৫৫), পিতা-মৃত আমির হোসেন, শ্বশুর মৃত সামেদ আলী, গ্রাম-বড় বলদিয়া, ২। মোঃ সাগর আলী (২৪), পিতা-মোঃ ওমেদুল ইসলাম, গ্রাম ওসমানপুর (বেদেপোতা), ৩। মোছাঃ মেগীরন খাতুন (৫০), স্বামী-মোঃ আবুল কালাম, ৪। তাজেরা বেগম (৩৮) পিতা-কালাম, গ্রাম-বড়বলদিয়া, থানা- দর্শনা, জেলা-চুয়াডাঙ্গা।

এ বিষয়ে দর্শনা থানার ওসি মাহবুবুর রহমান কাজল বলেন, আমরা এখনও পর্যন্ত ৪ জনকে গ্রেফতার করেছি এবং খুব দ্রুত বাকি আসামিদের গ্রেফতার করে আইনের আওতায় নিয়ে আসবো।

কুষ্টিয়ায় মৌবনের উদ্যোগে বৃদ্ধাদের সম্মাননা প্রদান

কুষ্টিয়ায় মৌবনের উদ্যোগে বৃদ্ধাদের সম্মাননা জানানো হয়েছে।

গতকাল শনিবার দুপুরে মৌবনের ২১তম প্রতিষ্ঠা বার্ষিকীতে মৌবন আঙ্গিনায় এক অনুষ্ঠানে ১১জন প্রবীণের হাতে কম্বল, চাদর, মাস্ক ও

মিষ্টান্নর পাশাপাশি নগদ অর্থ তুলে দেওয়া হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কুষ্টিয়া জেলা সমাজসেবা অধিদপ্তরের সহকারী পরিচালক মো: মুরাদ হোসেন।

এসময় তিনি বলেন, আজকের এই অনুষ্ঠানে এসে আমার অনেক ভালো লাগছে। যারা বয়স্ক ভাতা কিংবা বিধবা ভাতার কার্ডের আওতায় আসেনি। তাদের জন্য প্রতিমাসে একটা আর্থিক অনুদান দিয়ে মৌবন কর্তৃপক্ষ যে মহত্ব দেখিয়েছে সত্যি সেটি প্রশসংনীয়।

তিনি বলেন, সামাজিক নিরাপত্তা বেষ্টনী, সমাজের অসহায় মানুষের পাশে দাঁড়াতে বর্তমান সরকার বদ্ধপরিকর। এরপরেও সামাজিক দায়বদ্ধতা থেকে সমাজের বিত্তশালীদের এগিয়ে আসা উচিৎ। মৌবন কর্তৃপক্ষ যেভাবে অসহায় মানুষের পাশে দাঁড়ায় এভাবে আরও অন্যদেরও এগিয়ে আসার জন্য আহবান জানান তিনি।

এসময় মৌবনের জেনারেল ম্যানেজার মোশাররাফুল হক বকুল, মৌবনের কর্মকর্তা আশিকুজ্জামান রনিসহ সংশ্লিষ্টরা উপস্থিত ছিলেন।

প্রসঙ্গত, মৌবন শুধু ব্যবসায় নয় মানবসেবার মতো বিভিন্ন সামাজিক কর্মকাণ্ডের সাথে সম্পৃক্ত রয়েছে দীর্ঘদিন ধরে। কুষ্টিয়া শহরের হাউজিং এলাকায় একটি মহিলা মাদ্রাসা পরিচালনা করা হয়। সেখানে কোরআন শিক্ষা থেকে শুরু করে শিশুদের হাতের লেখা, চিত্রাঙ্কন শেখানোর ব্যবস্থা রয়েছে বিনামূল্যে।

এছাড়াও প্রতিমাসে ১১জন বয়স্ক ব্যক্তি কে সম্মানী ভাতা প্রদান করে থাকে। বিভিন্ন স্কুল, কলেজ ও বিশ্ববিদ্যালয়ে গরিব মেধাবী শিক্ষার্থীদের প্রতিনিয়ত সহায়তা হিসেবে তাদের আর্থিক সহযোগিতা এমনকি পড়ালেখা শেষ অবধি পর্যন্ত সহযোগিতা প্রদান করে আসছে।

হরিণাকুণ্ডুতে জাতীয় সমাজসেবা

দিবস পালিত

ক্ষুধা ও দারিদ্রমুক্ত সমাজ বিনির্মাণে সেবা ও সুযোগ প্রান্তজনে, সমাজসেবার এই প্রতিপাদ্যকে সামনে রেখে হরিণাকুণ্ডুতে জাতীয় সমাজসেবা দিবস পালিত হয়েছে।

গতকাল শনিবার সকালে ঝিনাইদহ সমাজসেবা কার্যালয়ের উদ্যোগে দিবসটি পালন করা হয়। সমাজ সেবায় দেশ গড়ি সামাজিক নিরাপত্তা নিশ্চিত করি এই শ্লোগান কে সামনে রেখে সমাজসেবার ৬৫ বছর উপলক্ষে জাতীয় সমাজসেবা দিবসের র্যালী ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

আলোচনা সভায় হরিণাকুণ্ডু সমাজসেবা কর্মী জুয়েল হোসেনের সঞ্চালনায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন, হরিণাকুণ্ডু উপজেলা নির্বাহী অফিসার সৈয়দা নাফিস সুলতানা।

স্বাগত বক্তব্য দেন, হরিণাকুণ্ডু সমাজসেবা অফিসার মোহাম্মদ হোসেন খান। এছাড়া আরোও বক্তব্য রাখেন, প্রকল্প পরিচালক জামাল হোসেন, উপজেলা ভাইস চেয়ারম্যান রেশমা খাতুন, অধ্যক্ষ শরিফুল ইসলাম, ইউপি চেয়ারম্যান মোহাম্মদ আলী, চেয়ারম্যান মনজুল আলম, প্রেস ক্লাব সভাপতি এম. সাইফুজ্জামন তাজুসহ অন্যান্য অতিথিবৃন্দ। এছাড়া উপস্থিত ছিলেন মসজিদের ইমামগণ, অসহায় শীতার্ত ব্যক্তিবর্গ।

স্বাগত বক্তব্যে উপজেলা সমাজসেবা অফিসার বলেন, হরিণাকুণ্ডু উপজেলাতে মুক্তিযোদ্ধা সম্মানী ভাতাভোগীর সংখ্যা ২০৩ জন, বয়স্ক ভাতাভোগী ৬৫৭৩ জন, বিধবা ৩৫৯২ জন, প্রতিবন্ধী ২৭৮৭ জন, প্রতিবন্ধী শিক্ষা উপবৃত্তি প্রাপ্ত শিক্ষার্থীর সংখ্যা ১২৯জন, হরিজন ৪৮ জন। হরিজন উপবৃত্তি ৩৭ জন, হিজড়া ১ জন, পল্লী সমাজসেবা কার্যক্রমে বিনিয়োগ ৮৩, ৪২৬৮৪ টাকা।

নিবন্ধিত সেচ্ছাসেবী প্রতিষ্ঠানের সংখ্যা ৪৮(সক্রিয় ৪০টি) ক্যাপিটেশন গ্র্যান্ট প্রাপ্ত নিবাসীর সংখ্যা ৪১ জন। এছাড়া সমাজকল্যাণ পরিষদের মাধ্যমে বিভিন্ন হাসপাতালের দুস্থ রোগীদের মাঝে হরিণাকুণ্ডু সমাজসেবা অফিসের কার্যক্রম চালু আছে। এছাড়া সকাল ১১ টায় মাস্ক ও শীতার্তদের মাঝে কম্বল বিতরণ করা হয়।